

# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৫১২৩

৩৬/ শিষ্টাচার (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ১২২, দলপ্রীতি বা পক্ষপাতিত্ব

بَابٌ فِي الْعَصَبِيَّةِ

#### আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحِيمِ، حَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ مُحَمَّد، حَدَّثَنَا جَرِيرُ بْنُ حَازِمٍ، عَنْ مُحَمَّد بْنِ إِسْحَاقَ، عَنْ دَاوُدَ بْنِ حُصَيْنٍ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي عُقْبَةَ، عَنْ أَبِي عُقْبَةَ، وَسُلَّمَ أُجِدًا، وَكَانَ مَوْلًى مِنْ أَهْلِ فَارِسَ، قَالَ: شَهِدْتُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ أُحدًا، فَضَرَبْتُ رَجُلًا مِنَ الْمُشْرِكِينَ، فَقُلْتُ: خُذْهَا مِنِّي وَأَنَا الْغُلَامُ الْفَارِسِيُّ، فَالْتَفَتَ إِلَيَّ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَالَ: فَهَلَّا قُلْتَ خُذْهَا مِنِّي، وَأَنَا الْغُلَامُ الْفُلَامُ الْأَنْصَارِيُّ رَسُولُ اللَّهِ صَلَى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَالَ: فَهَلَّا قُلْتَ خُذْهَا مِنِّي، وَأَنَا الْغُلَامُ الْفُلَامُ الْأَنْصَارِيُّ

ضعيف

#### বাংলা

৫১২৩। আবূ উকবাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি ছিলেন পারস্যবাসীর আযাদকৃত গোলাম। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে উহুদের যুদ্ধে অংশগ্রহণ করি। এক মুশরিক ব্যক্তির উপর আঘাত হেনে আমি বললাম, আমার কাছ থেকে এটা নাও। আমি পারস্যবাসীদের যুবক। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার প্রতি দৃষ্টি নিবদ্ধ করে বললেনঃ তুমি কেন একথা বললে না যে, আমার পক্ষ থেকে এটা গ্রহণ করো, আমি আনসারী যুবক।[1]

দুর্বল।

### **English**

#### Narrated AbuUqbah:

AbdurRahman ibn AbuUqbah quoted his father AbuUqbah who was a client from the people of Persia as saying: I was present at Uhud along with the



Messenger of Allah (ﷺ), and on smiting one of the polytheists I said: Take this from me who is the young Persian. The Messenger of Allah (ﷺ) then turned to me and said: Why did you not say: Take this from me who is the young Ansari?

## ফুটনোট

[1]. ইবনু মাজাহ, আহমাদ। সনদে মুহাম্মাদ ইবনু ইসহাক একজন মুদাল্লিস এবং তিনি এটি আন্ আন্ শব্দে বর্ণনা করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন